দৈনিক খবর

তারিখ 18 JUN 1993 পৃষ্ঠা ৮ কলাম ৫

# পরীক্ষা বর্জনের হুমকি
# সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্র ছাত্রীদের স্মারকলিপি

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের একজন শিক্ষকের স্বেচ্ছাচারিতার প্রতিবাদে ১শ' ২২ জন ছাত্র-ছাত্রী আগামী ২৭শে জুন অনুষ্ঠিতব্য এম এস এস ফাইনাল পরীক্ষা বর্জন ও অনশন কর্মসূচীর কথা ঘোষণাকরেছে।

খণ্ডকালীন শিক্ষক আহমদ উল্লাহর স্বেচ্ছাচারিতার প্রতিবাদে পরীক্ষার্থীরা তাদের সমস্যাসমূহের কথা উল্লেখ করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করেন।

পেশকৃত স্মারকলিপিতে তারা অভিযোগ করেছে, সমাজকল্যাণ বিভাগের ৪০১নং কোর্সের সামাজিক প্রশাসন বিষয়ের খণ্ডকালীন শিক্ষক আহমদ উল্লাহ মিয়ার একগুঁয়েমি ও স্বেচ্ছাচারিতায় ২টি ইনকোর্স পরীক্ষায়ই অধিকাংশ ছাত্র-ছাত্রী অকৃতকার্য হয়েছে এবং বেশকিছু ছাত্র-ছাত্রীকে (শূন্য) নম্বর দেয়া হয়েছে। পাশাপাশি তার প্রিয়ভাজন ছাত্রকে দু'টি পরীক্ষায় যথাক্রমে শতকরা ৯০ ও ৯৮ নম্বর দেয়া হয়েছে। স্মারকলিপিতে বলা হয়, সামাজিক বিজ্ঞানের কোন বিষয়ে শূন্য নম্বরের পাশাপাশি কিভাবে ৯৮ নম্বর পেতে পারে তা আমাদের বোধগম্য নয়। ছাত্ররা ঐ কোর্সের পুনরায় পরীক্ষা গ্রহণের দাবী জানিয়ে বলেছে, আমাদের পক্ষে ২৭শে জুনের ঐ কোর্সের ফাইনাল পরীক্ষা বর্জন ছাড়া উপায় থাকবে না। এ ব্যাপারে জরুরীভিত্তিতে ব্যবস্থা গ্রহণ না করা হলে আগামীকাল শনিবার ছাত্ররা অনশন ধর্মঘটে যেতে পারে।